বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
সালনা, গাজীপুর-১৭০৬

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের বিভিন্ন পরীক্ষা গ্রহণের সুস্পষ্ট পদ্ধতি নির্ধারণের বিষয়ে নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন।

ভূমিকা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা এবং এতদবিষয়ে ২৩/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় মাননীয় ভাইস-চ্যান্সেলর, ট্রেজারার, সকল বর্তমান ও সাবেক/প্রাক্তন ডিনগণের সম্মিলিত সিদ্ধান্ত মোতাবেক বশেমুরকৃবি'র আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের বিভিন্ন পরীক্ষা অনলাইনে গ্রহণের সুস্পষ্ট পদ্ধতি নির্ধারণের নিমিত্তে নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়।

১। ডিন, কৃষি অনুষদ, বশেমুরকৃবি	আহবায়ক
২। ডিন, ফিশারিজ অনুষদ, বশেমুরকৃবি	সদস্য
৩। ডিন, ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ, বশেমুরকৃবি	সদস্য
৪। ডিন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ, বশেমুরকৃবি	সদস্য
৫। পরিচালক (আইকিউএসি), বশেমুরকৃবি	সদস্য

কমিটিকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রেরিত সুপারিশমালা বিবেচনা করে অনুষদসমূহে অভিন্ন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ, নম্বর বন্টন এবং মূল্যায়নের বিষয়ে খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক দ্রুততম সময়ের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়।

উল্লেখিত অফিস আদেশের প্রেক্ষিতে গঠিত কমিটি গত ২৩/০৫/২০২১, ২৫/০৫/২০২১, ২৭/০৫/২০২১ এবং ৩০/০৫/২০২১ তারিখের সভায় নীতিমালার একটি খসড়া চূড়ান্ত করে। খসড়া নীতিমালাটি নিম্নরূপ-

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে অনলাইনে পরীক্ষা গ্রহণের জন্য নিম্নোক্ত বিষয়াবলী নিশ্চিত করা প্রয়োজন:-

ক) প্রতিটি অনুষদে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ এবং উচ্চগতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ (Uninterrupted Power and Internet Connectivity) নিশ্চিত করা জরুরী

খ) পরীক্ষায় অসাধু পন্থা অবলম্বন রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা এবং অসাধু পন্থা অবলম্বনকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) অনুমোদিত নীতিমালা শিক্ষক-শিক্ষার্থীকে অবহিতকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

২। পরীক্ষার সিলেবাস:

মিডটার্ম পরীক্ষা	: মোট সিলেবাসের প্রথম ৪০%
টার্ম ফাইনাল পরীক্ষা	: মোট সিলেবাসের অবশিষ্ট ৬০%

৩। পরীক্ষার নম্বর বন্টন:

কুইজ	: ১০ নম্বর
অ্যাসাইনমেন্ট/মিডটার্ম-১	: ২৫ নম্বর
মিডটার্ম-২ পরীক্ষা	: ২৫ নম্বর
টার্ম ফাইনাল পরীক্ষা	: ৪০ নম্বর

ব্যবহারিক পরীক্ষার ক্ষেত্রে ৬০% নম্বর এর মূল্যায়ন অনলাইন ক্লাসে এবং অবশিষ্ট ৪০% এর মূল্যায়ন ইনপারসন উপস্থিতিতে সম্পন্ন করা যেতে পারে।

30.5.2021

৪। পরীক্ষার গ্রহণের সময়সূচী:

মিডটার্ম পরীক্ষা : ৫০ মিনিট

টার্ম ফাইনাল পরীক্ষা : ২ ঘন্টা

পরীক্ষার অব্যবহিত পরে উত্তরপত্র Combined pdf আকারে সংশ্লিষ্ট কোর্স ইন্সট্রাক্টরের নিকট ডিজিটালি (digitally) প্রেরণ করতে হবে।

৫। Quiz (10 Points) ও Assignment (25 Points) ব্যতীত তত্ত্বীয় বিষয় এবং হাতেকলমে কাজ করার প্রয়োজন নেই এমন বিষয়ে প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত চার ধরণের প্রশ্ন করা যেতে পারে।

ক) সৃজনশীল প্রশ্ন (Creative Question) - ২০%

খ) বিভিন্ন সেটের বহুনির্বাচনী সৃজনশীল কুইজ (Creative Quiz) - ৩০%

গ) সময়াবদ্ধ পরীক্ষা (Timely Fixed/Time Constrained Question) - ২০%

ঘ) প্রায়োগিক পরীক্ষা (Open Book Examination/Applied Question)- ৩০%

৬। কুইজ, শ্রেণি পরীক্ষা ও মৌখিক পরীক্ষার সময় শিক্ষার্থীদের ডিভাইসের ক্যামেরা ও মাইক্রোফোন উভয়টিই চালু থাকতে হবে এবং প্রয়োজনে নির্দিষ্ট মেয়াদের জন্য তথ্যাদি সংরক্ষণের ব্যবস্থা করতে হবে এ ক্ষেত্রে শিক্ষার্থীরা নিরবিচ্ছিন্ন ইন্টারনেট নিশ্চিত হবে এমন স্থানে অবস্থান করে অনলাইন মূল্যায়ন পদ্ধতিতে অংশগ্রহণ করবে।

৭। ব্যবহারিক ক্লাসের বিভিন্ন এক্সপেরিমেন্টের ভিডিও (যদি থাকে), সংশ্লিষ্ট বিভাগের ওয়েবসাইটে আপলোড/সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ই-মেইলে প্রেরণ করতে হবে। এক্সপেরিমেন্টের পুরানো ডাটা/ তথ্য শিক্ষার্থীদেরকে সরবরাহ করার পাশাপাশি কোর্স ইন্সট্রাক্টর কর্তৃক নতুন ডাটা/তথ্য ও সরবরাহ করতে হবে। শিক্ষার্থীরা এসব ডাটা/তথ্য এনালাইসিস করে ব্যবহারিক খাতায় লিখবে এবং তা Combined pdf আকারে সংশ্লিষ্ট শিক্ষককে ডিজিটালি (digitally) প্রেরণ করতে হবে। কমিটি মনে করে যে, এই প্রক্রিয়া বাস্তবায়ন করা গেলে শিক্ষার্থীরা লকডাউনমুক্ত অবস্থায় স্বাস্থ্যবিধি মেনে অল্পসময়ে ক্যাম্পাসে ল্যাবের কার্যক্রম সম্পন্ন করতে পারবে।

৮। উইন্টার ২০২০ টার্মের অনলাইন পরীক্ষা গ্রহণের সময়সূচি:-

অনুমোদিত পরিমার্জিত একাডেমিক (করোনাকালীন সময়ের জন্য) ক্যালেন্ডার অনুযায়ী ০১ জুন তারিখ হতে ২৮ জুন তারিখের মধ্যে অর্থাৎ ৪ (চার) সপ্তাহের মধ্যে উইন্টার ২০২০ টার্মের কার্যাবলী সম্পন্ন করা যেতে পারে।

১ম সপ্তাহ (০১ জুন হতে ০৭ জুন, ২০২১ পর্যন্ত): ব্যবহারিক ক্লাস।

২য় সপ্তাহ (০৮ জুন হতে ১৪ জুন, ২০২১ পর্যন্ত): মিডটার্ম পরীক্ষা।

৩য় সপ্তাহ (১৫ জুন হতে ২১ জুন,২০২১ পর্যন্ত): ব্যবহারিক ক্লাস।

৪র্থ সপ্তাহ (২২ - ২৮ জুন, ২০২১ পর্যন্ত): টার্ম ফাইনাল পরীক্ষা, তত্ত্বীয় বিষয়।

সংশ্লিষ্ট ডিন অফিস হতে পরীক্ষার রুটিন প্রকাশ করতে হবে এবং বিধি মোতাবেক পরীক্ষার পরিদর্শক নিয়োগ দিতে হবে। সংশ্লিষ্ট কোর্স ইন্সট্রাক্টর পরীক্ষা সংক্রান্ত আইডি-পাসওয়ার্ড শিক্ষার্থী, পরিদর্শক ও সংশ্লিষ্ট ডিন (প্রধান পরিদর্শক)-কে সরবরাহ করতে হবে।

৯। অনুপস্থিত শিক্ষার্থীর ক্ষেত্রে পরবর্তীতে পরীক্ষা গ্রহণের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ও অনুমোদিত বিধিমালার আলোকে নিস্পত্তি করতে হবে। তবে এক্ষেত্রে উল্লেখ্য যে, প্রচলিত বিধি অনুযায়ী উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষার্থীর সংশ্লিষ্ট বিষয়ের ২০% নম্বর কর্তন করা হবে।

১০। ডিজিটাল ডিভাইস ও ডিজিটাল টুলস: (Digital Devices and Tools) যেমন- ডিভাইস: ল্যাপটপ এবং স্মার্ট ফোন নিশ্চিত করা, ভার্চুয়াল টুল: Google Form, Google Meet, Zoom Applications অথবা অন্য যেকোন সুবিধাজনক অনলাইন পদ্ধতিতে পরীক্ষা নেয়া যেতে পারে।

30.5.2021

DDS (Ag.)Head pros

১১। অনলাইন পদ্ধতিতে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল কোর্স ইন্সট্রাক্টরদের জন্য প্রশিক্ষণের (Google Form, Google Meet, Zoom Applications) ব্যবস্থা করা আবশ্যক।

১২। কোভিড-১৯ কালীন সময়ে ব্যবহারিক ক্লাসে ১.০/১.৫ ক্রেডিটের জন্য ১০(দশটি) Experiments-এর পরিবর্তে ৮(আটটি) Experiments-এর মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

১৩। ব্যবহারিক বিষয়ের তত্ত্বীয় অংশে অনলাইন ক্লাসের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। যে অংশে ইনপারসন উপস্থিতি ব্যতীত সম্পন্ন করা সম্ভব নয় সে অংশ কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে নেয়া যেতে পারে তবে কোভিড-১৯ পরিস্থিতি চলমান থাকলে লকডাউনমুক্ত পরিবেশে সীমিত আকারে ইনপারসন অংশ গ্রহণের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। সেক্ষেত্রে পর্যায়ক্রমিকভাবে সমাপনী বর্ষ হতে প্রথম বর্ষ এর শিক্ষার্থীদের ইনপারসন উপস্থিতির ব্যবস্থা করা যেতে পারে। তবে এক্ষেত্রে সরকার/বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক না হলে সামার ২০২০ ও অটাম ২০২০ টার্মের অসমাপ্ত কার্যক্রম এ নীতিমালার আলোকে সম্পন্ন করা যেতে পারে। ইতিপূর্বের 10 Points এর Assignment বর্তমানে 25 Points হিসেবে গণ্য করতে হবে।

১৫। পরীক্ষা সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট (উত্তরপত্র, অ্যাসাইনমেন্ট, ব্যবহারিক খাতা) কোভিড পরিস্থিতি স্বাভাবিক হলে সংশ্লিষ্ট শিক্ষককে অবশ্যই জমা দিতে হবে।

১৬। গ্রেড রিপোর্ট তৈরী:
সকল ধরণের তত্ত্বীয়, ব্যবহারিক ও ভাইভা পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পন্ন হওয়ার পরে টার্মভিত্তিক পরীক্ষার ফলাফল তৈরীপূর্বক প্রকাশ করা হবে।

১৭। ডিভিএম এবং বিএস (কৃষি অর্থনীতি) প্রোগ্রামের ইন্টার্ণশীপে অংশগ্রহণকারীদের বোর্ড ভাইভা সামার ২০২০, অটাম ২০২০ এবং উইন্টার ২০২০ এর সকল পরীক্ষা সমাপনান্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১৮। এ নীতিমালা বাস্তাবায়নে কোন ধরণের জটিলতা সৃষ্টি হলে অথবা নীতিমালায় সন্নিবেশিত নেই এমন কোন বিষয়ের উদ্ভব হলে শিক্ষা পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০/০৫/২০২১

পরিচালক (আইকিউএসি)
বশেমুরকৃবি
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

ডিন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ বশেমুরকৃবি
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

৩০/০৫/২০২১

ডিন, ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ, বশেমুরকৃবি
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

৩০/০৫/২০২১

ডিন, ফিশারিজ অনুষদ
বশেমুরকৃবি
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

30.5.2021

ডিন, কৃষি অনুষদ,
বশেমুরকৃবি
ও
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।

DBS (Ag.)Head pres